

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩৬.১৪.- ৬৩২

তারিখ : ২০/০৮/২০১৬খ্রিঃ।

বিষয় : ওয়ার্কিং ক্যাপিটালের তথ্যাদি প্রদান এবং এ খাতে স্থিত অর্থ প্রধান কার্যালয়ে প্রেরণ সংক্রান্ত।


সূত্রঃ	১। ইউএ/প্রশিঃও আত্র/যুবঋণ-৫৩৮/৯৮(অংশ-৪)-৪৫৫	তারিখ : ০৩-০৮-২০১৪ খ্রিঃ
	২। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩৬.১৪-৫৬৪,	তারিখ : ০১-১২-২০১৫ খ্রিঃ।
	৩। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩৬.১৪-৩৫,	তারিখ : ২৬-০১-২০১৬ খ্রিঃ।
	৪। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩৬.১৪.-৩৫২	তারিখঃ ০৪/০৯/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত যুব প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান প্রকল্প হতে প্রতিটি উপজেলায় ১/২টি যুব সংগঠনকে অনুদান হিসাবে ২টি সেলাই মেশিন এবং তার বিপরীতে ওয়ার্কিং ক্যাপিটাল হিসাবে ১০,০০০/- (দশ হাজার) টাকা ঋণ তহবিল প্রদান করা হয়েছিল। জেলাধীন উপজেলাসমূহে বরাদ্দকৃত ওয়ার্কিং, ক্যাপিটালের পূর্ণাঙ্গ তথ্যসহ ব্যাংক হিসাবের সর্বশেষ স্থিতি নির্ধারিত ছকে প্রেরণ এবং উপজেলার ওয়ার্কিং ক্যাপিটালের তহবিলের স্থিত অর্থ চলতি হিসাব নং - ০১০০০০০৯৬৪৮৩৭ জনতা ব্যাংক লিমিটেড, জনতা ভবন কর্পোরেট শাখা, ঢাকা বরাবরে স্থানান্তরের লক্ষ্যে একাউন্টপেয়ী MICR চেক/ডিডি প্রস্তুত করত প্রধান কার্যালয়ের দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখায় প্রেরণের নির্দেশনা দিয়ে সুত্রোক্ত পত্রসমূহ প্রদান করা হয়েছে। এ সকল নির্দেশনার প্রেক্ষিতে বেশ কিছু উপজেলা হতে আদায়কৃত টাকা প্রেরণ, কিছু সংখ্যক উপজেলা হতে খেলাপী থাকার তথ্য উল্লেখ করা হয়েছে এবং কিছু উপজেলা হতে আদৌ কোন তথ্য প্রেরণ করা হয়নি।

২। ওয়ার্কিং ব্যাপিটালের অর্থ যে সমস্ত উপজেলা হতে কেন্দ্রীয়ভাবে স্থানান্তর করা হয়েছে এবং যে সকল উপজেলায় খেলাপী রয়েছে তাদের তথ্য সমন্বিত করে ত্রৈমাসিকভাবে প্রেরণ করতে হবে। প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে উপজেলা হতে প্রেরিত প্রতিবেদনের কপি সংযুক্ত করার প্রয়োজন পড়বে না।

৩। বর্ণিত অবস্থায়, আপনার জেলাধীন উপজেলাসমূহের ওয়ার্কিং ক্যাপিটালের খেলাপী টাকা আদায়ে তদারকী কার্যক্রম জোরদার করে আগামী ২৫/১০/২০১৭ তারিখের মধ্যে সম্পূর্ণ খেলাপী আদায়পূর্বক প্রধান কার্যালয়ে তথ্য প্রেরণের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ শাহীনুর রহমান)
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)
ফোন : ৯৫৬৭৭২১।
Email-addydpe@gmail.com

প্রাপকঃ উপ-পরিচালক (সকল)

যুব উন্নয়ন অধিদপ্তর


-----।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩৬.১৪.- ৬৩২

তারিখ : ২০/০৮/২০১৬খ্রিঃ।

অনুলিপি বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা..... (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। দপ্তর নথি।


(মোঃ শাহীনুর রহমান)
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)